দৈনিক জনকণ্ঠ

33

তারিখ ... OCT 03 1999 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ২ ......

# বুয়েটের সকল বিভাগের ক্লাস ২৭ অক্টোবর শুরু

**বুয়েট রিপোর্টার ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের স্থাপত্য বিভাগসহ সকল বিভাগের ক্লাস আগামী ২৭ অক্টোবর শুরু হবে। এ ছাড়া প্রকৌশল অনুষদের সকল ব্যাচসহ স্থাপত্য অনুষদের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় লেভেলের ক্লাসও ঐদিন শুরু হবে। ক্লাস শুরুর আগে ২৪ থেকে ২৬ অক্টোবরের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন করতে হবে।

উল্লেখ্য, নতুন ব্যাচের ক্লাস শুরু হলে বুয়েটে চারটি ব্যাচের জায়গায় ছ'টি ব্যাচ অবস্থান করবে। গত কয়েক বছর ধরেই বুয়েটে ছ'টি ব্যাচ অবস্থান করছে। সেশনজট কমানোর উদ্দেশ্যে চারটির জায়গায় ছ'টি ব্যাচের ক্লাস চললেও বুয়েটে দু'বছরের মতো সেশনজট রয়েই গেছে।

## পরীক্ষার তারিখ পরিবর্তন

এদিকে বুয়েটে আজ রবিবার অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ আগামী ১০ অক্টোবর রবিবার অনুষ্ঠিত হবে। পরীক্ষার পূর্ব ঘোষিত সময়েই অনুষ্ঠিত হবে বলে বুয়েটের এক জরুরী বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।